



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ



সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেডিটবিঃ/(শাখা-১)/৪(৩৪)/২০২০-২০২১/ ৪২৪(২২০০)

তারিখঃ ০৬/০৯/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩.০৪.২০২০ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

অত্র বিভাগের বিগত ১০/০৫/২০২০ তারিখের ১১৩৫(১২৫০) নম্বর পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩.০৪.২০২০ এর আওতায় সার্বিক অর্জিত লক্ষ্যমাত্রার উপরে অর্জিত বিভাগসমূহে ইতিপূর্বে বিগত ১০/০৫/২০২০ তারিখে ৩১/১২/২০১৯ ভিত্তিক শস্য ঋণ ব্যতীত কৃষি খাতে অনাদায়ী স্থিতি ৪৯৯৪.২২ কোটি টাকার বিপরীতে বরাদ্দকৃত ১১৯৯.০০কোটি টাকা সার্বিক অর্জন ও বাস্তবতার প্রেক্ষিতে পুনঃনির্ধারণের জন্য মাঠ কার্যালয় হতে অবহিত করা হচ্ছে। সে প্রেক্ষিতে নির্ধারিত সময়ে এসিডি সার্কুলার নং ০১ এর আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে এসিডি সার্কুলার নং ০১ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে পুনঃবন্টন করা হলো।

এসিডি সার্কুলার নং ০১ এর আওতায় পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা :

(কোটি টাকায়)


| ক্রমিক নং | বিভাগের নাম | ৩১/১২/২০১৯ তারিখে উক্ত খাতে ঋণ স্থিতি | ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা (৩০শে সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে বিতরণযোগ্য | বর্ধিত/হ্রাসকৃত লক্ষ্যমাত্রা | ঋণ বিতরণের পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা (৩০শে সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে বিতরণযোগ্য | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার ০১/০৯/২০ ভিত্তিক | মন্তব্য |
|--------------|----------------|--|--|---------------------------------|---|--|------------|
| ০১ | ঢাকা | ৮৭৮.৫১ | ২১০.০০ | -- | ২১০.০০ | ৪৫.১০% | অপরিবর্তিত |
| ০২ | ময়মনসিংহ | ১০৪২.২৯ | ২৫০.০০ | -- | ২৫০.০০ | ৪৬.৪৭% | অপরিবর্তিত |
| ০৩ | চট্টগ্রাম | ২৭৬.৬৪ | ৬৬.০০ | -- | ৬৬.০০ | ৪৬.৩৯% | অপরিবর্তিত |
| ০৪ | খুলনা | ৯০৯.৮১ | ২১৮.০০ | (+)১২.০০ | ২৩০.০০ | ৬৭.৬২% | বর্ধিত |
| ০৫ | বরিশাল | ৩৯১.৩৭ | ৯৪.০০ | (+) ৬.০০ | ১০০.০০ | ৬২.২৪% | বর্ধিত |
| ০৬ | সিলেট | ১৮৫.১৩ | ৪৫.০০ | -- | ৪৫.০০ | ৫১.৬৮% | অপরিবর্তিত |
| ০৭ | কুমিল্লা | ৩৬৮.৬৮ | ৮৯.০০ | (+) ১১.০০ | ১০০.০০ | ৫৯.০৯% | বর্ধিত |
| ০৮ | ফরিদপুর | ২৫৬.২৪ | ৬২.০০ | (+) ১৩.০০ | ৭৫.০০ | ৮৩.৬৪% | বর্ধিত |
| ০৯ | কুষ্টিয়া | ৩২৯.২৮ | ৭৯.০০ | (+) ১৪.০০ | ৯৩.০০ | ৮১.১৬% | বর্ধিত |
| ১০ | এলাপিও | ৩৫৬.২৭ | ৮৬.০০ | (-) ৫৬.০০ | ৩০.০০ | ০.২৯% | হ্রাসকৃত |
| সর্বমোট | | ৪৯৯৪.২২ | ১১৯৯.০০ | | ১১৯৯.০০ | ৫৩.৩৪% | |

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়/ কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয় সমূহে ০৩ (তিন) দিনের মধ্যে পুনঃবন্টন করবেন এবং একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। এছাড়া নিজ নিজ বিভাগাধীন ও অঞ্চলসমূহ স্ব স্ব অঞ্চল ও শাখাসমূহকে নির্ধারিত সীমার মধ্যে বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃবিন্যাস করতে পারবেন। এভাবে বিতরণের লক্ষ্যমাত্রা আগামী ০৯/০৯/২০২০ তারিখের মধ্যে বন্টন করে তার তথ্য অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। এমতাবস্থায় এসিডি সার্কুলার নং ০১ তারিখ ১৩/০৪/২০, অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং ১১১৯ তারিখ ২৭/০৪/২০২০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত


(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-প্রকা/ক্রমবিঃ/(শাখা-১)/৪(৩৪)/২০২০-২০২১/ ০২৪(১২০০)
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

তারিখঃ ০৬/০৯/২০২০

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক